কুষ্টিয়া সড়ক বিভাগের বিভিন্ন কার্যক্রমের সম্মাননা স্মারক প্রদান

২০১৯-২০২০ অর্থবছরের কুষ্টিয়া সড়ক বিভাগের বিভিন্ন কার্যক্রমের সম্মাননা স্মারক ও সনদ প্রদান করা হয়েছে।

কুষ্টিয়া সড়ক বিভাগের আয়োজনে বুধবার (২৩শে সেপ্টেম্বর) বিকেলে কুষ্টিয়াসড়ক সার্কেলেন এক অনুষ্ঠানে ২০১৯-২০২০ অর্থবছরের কুষ্টিয়া সড়ক বিভাগের বিভিন্ন কার্যক্রমের সম্মাননা স্মারক ও সনদ প্রদান করা হয়।

কুষ্টিয়া সড়ক বিভাগের নির্বাহী প্রকৌশলী তানিমুল হকের সভাপতিত্বে উক্ত সম্মাননা স্মারক ও সনদ প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুষ্টিয়া সড়ক সার্কেল তত্ত্বাবধায়ক প্রকৌশলী মোহাম্মদ মাসুদ করিম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুষ্টিয়া সড়ক উপ-বিভাগীয় প্রকৌশলী পিয়াস কুমার সেন ও কুষ্টিয়া সওজ প্রথম সারি কারখানা উপ-বিভাগীয় প্রকৌশলী দুলাল চন্দ্র বিশ্বাস।
এ সময়ে ৬টি ক্যাটাগরিতে ছয়জনকে সম্মাননা স্মারক ও সনদপত্র প্রদান করা হয়।

শ্রেষ্ঠ ঠিকাদার হিসেবে মিরপুর উপজেলা পরিষদ চেয়ারম্যান কামারুল আরেফিন, শ্রেষ্ঠ ঠিকাদারী প্রতিষ্ঠান জহিরুল লিমিটেড, শ্রেষ্ঠ উপ-সহকারী প্রকৌশলী (মহাসড়ক) মনিরুল ইসলাম, শ্রেষ্ঠ উপ-সহকারী প্রকৌশলী (বিভাগীয়) হাবিবুর রহমান, শ্রেষ্ঠ কার্য সহকারী আজগর আলী, শ্রেষ্ঠ কম্পিউটার অপারেটর হিসেবে মোস্তফাকে সম্মাননা স্মারক ও সনদপত্র প্রদান করা হয়।

অনুষ্ঠানের শেষ প্রান্তে কুষ্টিয়া সড়ক বিভাগের নির্বাহী প্রকৌশলী তানিমুল হক প্রধান অতিথি সড়ক ও জনপথ বিভাগের কুষ্টিয়া সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলী মোহাম্মদ মাসুদ করিমকে শুভেচ্ছা ক্রেস্ট প্রদান করা হয়।

কুষ্টিয়ায় আন্তর্জাতিক ইশারা ভাষা দিবস ও বধির সপ্তাহ পালন

জাতিসংঘ ঘোষিত আন্তর্জাতিক ইশারা ভাষা দিবস ও আন্তর্জাতিক বধির সপ্তাহ উপলক্ষে কুষ্টিয়ায় আলোচনা সভা, র্যালী ও মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকাল ১১ টার দিকে এ উপলক্ষে কুষ্টিয়া জেলা মূক ও বধির সংস্থার কার্যালয়ে দিবসটি সফল করতে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুষ্টিয়া জেলা সমাজসেবা অধিদপ্তরের উপপরিচালক রোকসানা পারভীন।

তিনি বলেন, সরকার প্রতিবন্ধী ব্যক্তিদের উন্নয়নে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। উন্নয়নের মূল স্রোতধারায় শ্রবণ-বাক প্রতিবন্ধী ব্যক্তিদের সম্পৃক্ত করতে না পারলে তাদের উন্নয়ন যেমন সম্ভব নয় তেমনি সম্ভব নয় দেশের সার্বিক টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা। এ লক্ষ্যে সরকার ইতোমধ্যে শ্রবণ প্রতিবন্ধী ব্যক্তিদের উন্নয়নে ও কল্যাণে বিভিন্ন ধরনের কর্মসূচি বাস্তবায়ন করছে।

এতে উপস্থিত ছিলেন, কুষ্টিয়া জেলা মূক ও বধির সংস্থার সভাপতি মোঃ সাইফ-উল হক মুরাদ, সাধারণ সম্পাদক মোঃ আব্দুর রহমান সুমন, সহসভাপতি জামাল উদ্দিন, সহ-সাধারণ সম্পাদক মোঃ ফয়সাল সহ অন্যরা।

জনগণের ভালোবাসায় আবারও নির্বাচন করতে বাধ্য হচ্ছি-

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

হাইকমান্ড আছে আমাদের জেলা আওয়ামী লীগের সভাপতি জনপ্রশাসন প্রতিমন্ত্রি ফরহাদ হোসেন এমপি আছেন। উনি খুব ভালোভাবে পর্যবেক্ষণ করছেন। প্রতিটি ইউনিয়নে যোগ্য প্রার্থীরাই মনোনয়ন পাবে বলে আমি আশা করছি।

মেহেরপুর প্রতিদিন -বিএনপি যদি নির্বাচনে অংশ নেয় তাহলে আপনার ইউনিয়নে নির্বাচনটি কেমন প্রতিদ্বন্দ্বিতা হবে বলে মনে করছেন?

আমাম হোসেন মিলু- বিএনপি নির্বাচনে অংশ গ্রহণ করার ঘোষণা দিয়েছে এ জন্য আমি তাদের স্বাগতম জানাই। একটি রাজনৈতিক দল যদি নির্বাচনে না যায় তবে সেই দলের আর কোন অস্তিত্ব থাকে না। আমরা প্রতিদ্বন্দ্বিতা করতে চাই। সকলের অংশগ্রহণের মাধ্যমে যোগ্যরাই জনগণের ভোটে নির্বাচিত হবে। নির্বাচনে জয় পরাজয় থাকবেই। তারপর আমাদের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের জন্য যে পরিমাণ উন্নয়ন করেছে এবং এই ধারাবাহিকতায় দেশ এগিয়ে যাচ্ছে। এতে জনগণ অন্য কোন দলকে সমর্থন করবে বলে আমার মনে হয় না। এছাড়াও বিএনপির মনোনয়ন বানিজ্যের কারণে ঐ সংগঠনের উপর জনগণের আস্থা হারিয়ে গেছে। আমি মনে করি আগামী ইউপি নির্বাচনে শুধু মহাজনপুর ইউনিয়নই না, মুজিবনগর উপজেলার চারটি ইউনিয়নেই নৌকার প্রার্থী জয়ী হবে।

মেহেরপুর প্রতিদিন- দুইবারের নির্বাচিত চেয়ারম্যান হিসেবে জনগণের প্রতি যে প্রতিশ্রুতি দেওয়া ছিল সেটা কতটুকু বাস্তবায়ন করতে পেরেছেন বলে মনে করেন?

আমাম হোসেন মিলু-আপনারা জানেন মহাজনপুর ইউনিয়ন একটি সন্ত্রসী অধ্যুষিত এলাকা ছিল। জনগণ শান্তিতে বসবাস করতে পারতো না। আমি চেয়ারম্যান হওয়ার পর আমার মূল লক্ষ্য ছিল এলাকা থেকে সন্ত্রাস দমন করা। মাননীয় জনপ্রশাসন প্রতিমন্ত্রীর দিক নির্দেশনায় ও প্রশাসনের সহযোগীতায় মহাজনপুর ইউনিয়ন এখন সন্ত্রাস মুক্ত। এটা আমার জন্য বড় সাফল্য। এছাড়াও প্রতিটি ক্ষেত্রে অবকাঠামোগত উন্নয়ন, রাস্তা নির্মাণ, প্রতিষ্ঠান গুলো চাকচিক্য করাসহ বিভিন্ন উন্নয়ন মূলক কাজ করেছি। ইউনিয়ন পরিষদের প্রতিটি সেবা জনগণের দোর গোড়ায় পৌঁছে দেওয়ার চেষ্টা করেছি।

মেহেরপুর প্রতিদিন- আগামী নির্বাচনে জয়ী হলে কি কি কাজ করতে চান?

আমাম হোসেন মিলু -আমদের উন্নয়নমূলক কিছু কাজ বাকি আছে। রাস্তার কিছু কাজ এখনো করা হয়নি। ব্রিজ এবং কালভাট কয়েকটি জায়গায় প্রয়োজন। আমাদের বিলের সুইচ গেটের জন্য জলাবদ্ধতার কারণে এবার

বেশ কিছু ফসলের ক্ষতি হয়েছে। এই বিলটি খনন করে সুইচ গেটটি মেরামত করতে হবে। আমাদের জনপ্রশাসন প্রতিমন্ত্রী মহদ্বয়ের অত্যন্ত সু দৃষ্টি আছে আমাদের ইউনিয়নের প্রতি। আমি আশা করছি আগামী এই সকল কাজ গুলো আমি করবো।

কোটচাঁদপুরে হাত ধোয়া কর্মসূচি পালন

ঝিনাইদহের কোটচাঁদপুরে ব্র্যাকের সামাজিক ক্ষমতায়ন কর্মসূচির সহযোগিতায় ইউ,সি,এফ-এর আলোচনা সভা ও হাত ধোয়া ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকাল ১০টায় উপজেলার বলুহর ইউনিয়নের শেখ পাড়ায় পল্লী সমাজের সদস্য হালিমার বাড়িতে ইউ,সি,এফ-এর আলোচনা সভা অনুষ্টিত হয়।

আলোচনা সভা শেষে হাত ধোয়া কর্মসূচি পালন করা হয়েছে। কর্মসূচিতে পল্লী সমাজের সদস্য ছাড়াও ওই এলাকার মহিলারা অংশ নেন।

সমগ্র অনুষ্ঠানের সার্বিক সহযোগীতা করেন ব্র্যাকের এফ,ও (সি,ই,পি) রোমানা ইয়াছমীন।

২০ মামলার আসামী হয়েও ধরাছোঁয়ার বাইরে বিজন

ব্রুনাইয়ে মানবপাচারের অভিযোগে মূল হোতা মেহেদী হাসান বিজন গ্রুপের আর এক সদস্য শেখ আমিনুর রহমান হিমু (৫৫) নামের একজনকে আটক করেছে র্যাব। তবে ২০টি মামলার আসামী হলেও মেহেদী হাসান বিজন

ধরা ছোঁয়ার বাইরে মুলহোতো মেহেদী হাসান বিজন।

রাষ্ট্রয়াত্ত্ব চিনিকল বন্ধের পরিকল্পনার প্রতিবাদে কেরুতে গেট মিটিং

রাষ্ট্রয়াত্ত্ব চিনিকল সমূহ বন্ধের পরিকল্পনার প্রতিবাদে কেন্দ্রিয় কর্মসূচির অংশ হিসাবে চুয়াডাঙ্গা জেলার দর্শনা কেরু এন্ড কোম্পানি চিনিকলে কেরুর শ্রমিক ও কর্মচারী ইউনিয়নের উদ্যোগে গেট মিটিং অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকাল ৮ টার সময় কেরুজ কেইন কেরিয়ার চত্তরে অনুষ্ঠিত গেট মিটিংএ সভাপতিত্ব করেন কেরু এন্ড কোম্পানীর শ্রমিক ও কর্মচারী ইউনিয়নের সভাপতি মো.তৈয়ব আলী।

বক্তব্য রাখেন কেরু এন্ড কোম্পানীর শ্রমিক ও কর্মচারী ইউনিয়নের সাধারন সম্পাদক ও বাংলাদেশ চিনিকল শ্রমিক ও কর্মচারী ফেডারেশনের সভাপতি মো.মাসুদুর রহমান মাসুদ, সহ-সভাপতি মো.মোস্তাফিজুর রহমান, যুগ্ন সাধারন সম্পাদক মো.খবির উদ্দীন,সাবেক সাধারন সম্পাদক মনিরুল ইসলাম প্রিন্স, শ্রমিক নেতা ফিরোজ আহমেদ সবুজ প্রমুখ।

বক্তারা বলেন, জাতির জনক বঙ্গবন্ধু বাংলাদেশের বন্ধ হওয়া চিনিকল গুলো চালু করে রাষ্ট্রয়াত্ত্ব ঘোষনা করেছিলেন। মিল গুলোতে অনেক শ্রমিক ও কর্মচারীর সাথে আখচাষী, সাধারন ব্যবসায়ী জীবিকা নির্বাহ করে তাদের সংসার চালিয়ে আসছেন।

এ ছাড়া শ্রমিক ও কর্মচারীর পেটে লাথি না মেরে কি ভাবে মিল গুলো চালু রেখে সেগুলিকে লাভ জনক প্রতিষ্ঠানে পরিনত করা যায় সে দিকে দৃষ্টি দেয়ার আহবান জানিয়েছেন তারা।

এ সময় কেরু এন্ড কোম্পানির সকল শ্রমিক ও কর্মচারী উপস্হিত ছিলেন, অনুষ্ঠানটির আয়োজন করেন কেরু এন্ড কোম্পানির শ্রমিক

‘বিএনপি-জামায়াত সরকার দুর্নীতিকে প্রাতিষ্ঠানিক রূপ দিয়েছে’- হানিফ

আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুবউল আলম হানিফ এমপি বলেছেন, অতীতে বিএনপি-জামায়াত সরকার দুর্নীতিকে রাষ্ট্রীয়ভাবে লালন পালন করে প্রাতিষ্ঠানিক রূপ দিয়েছে। সেই দুর্নীতির মূল এখন উৎপাটন হচ্ছে। অতএব সরকারের দুর্নীতি বিরোধী অভিযানের সমালোচনা করা মানে দুর্নীতিবাজদের পক্ষ নেয়া।

বুধবার (২৩ সেপ্টেম্বর) সকালে সদর উপজেলা পরিষদ ও উপজেলা প্রশাসনের আয়োজনে বিভিন্ন দপ্তরের উন্নয়নমূলক কাজের উদ্ধোধন অনুষ্ঠানে যোগ দেয়ার আগে সাংবাদিকদের প্রশ্নের জবাবে হানিফ এসব কথা বলেন।

আওয়ামী লীগের এই যুগ্ম সাধারণ সম্পাদক বলেন, সারাদেশে উন্নয়নের জোয়ার চলছে। অথচ বিএনপি নেতারা কোন উন্নয়ন দেখে না। কারণ তারা কখনো দেশের উন্নয়ন করেনি। তাদের সেই ব্যর্থতা ঢাকতে বিএনপি নেতারা সরকারের বিরুদ্ধে বিষেদাগার করছে।

তিনি আরো বলেন, বিএনপি একটি জনবিচ্ছিন্ন দল। এই দলের কথা বলার কিছু নেই। সরকারের বিরুদ্ধে মিথ্যাচার করে তারা জনগনের দৃষ্টি আকর্ষণ করার চেষ্টা করছে।

এ সময় কুষ্টিয়া-৪ (কুমারখালী-খোকসা) আসনের সাংসদ সেলিম আলতাফ জর্জ, জেলা আওয়ামী লীগের সভাপতি সদর উদ্দিন খান, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আজগর আলী, শহর আওয়ামী লীগের সভাপতি তাইজাল আলী খানসহ আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন।

[redacted]

[redacted]

জামিন পেলেন সংগ্রাম সম্পাদক আবুল আসাদ

ডিজিটাল নিরাপত্তা আইনের মামলায় দৈনিক সংগ্রাম পত্রিকার সম্পাদক আবুল আসাদকে এক বছরের জামিন দিয়েছেন হাইকোর্ট।

বুধবার বিচারপতি মো. এমদাদুল হক ও মো. আকরাম হোসেন চৌধুরীর হাইকোর্ট বেঞ্চ এ আদেশ দেন।

আদালতে আবেদনের পক্ষে শুনানিতে ছিলেন জ্যেষ্ঠ আইনজীবী খন্দকর মাহবুব হোসেন ও মোহাম্মদ শিশির মনির।

পরে শিশির মনির সাংবাদিকদের জানান, সংগ্রাম পত্রিকার সম্পাদক আবুল আসাদকে আদালত রুলসহ এক বছরের জামিন দিয়েছেন।

প্রসঙ্গত ২০১৯ সালের ১২ ডিসেম্বর দৈনিক সংগ্রাম পত্রিকায় প্রকাশিত এক প্রতিবেদনে একাত্তরে মানবতাবিরোধী অপরাধে ফাঁসি কার্যকর হওয়া কাদের মোল্লাকে ‘শহীদ’ হিসেবে উল্লেখ করা হয়।

এতে ক্ষুব্ধ হয়ে পরদিন ১৩ ডিসেম্বর পত্রিকাটির কার্যালয় ভাঙচুর করে মুক্তিযোদ্ধা মঞ্চের একদল নেতাকর্মী।

মঞ্চের সভাপতি আমিনুল ইসলাম বুলবুল ও সেক্রেটারি আল মামুনের নেতৃত্বে নেতাকর্মীরা বিকাল ৫টার দিকে কার্যালয়ের সামনে জড়ো হয়ে প্রায় এক ঘণ্টা ভাঙচুর চালায়। তারা কার্যালয়ে ঢুকে বেশ কয়েকটি টেলিভিশন, কম্পিউটার ও আসবাবপত্র ভাঙচুর করে।

পরে পুলিশ ঘটনাস্থলে গিয়ে দৈনিক সংগ্রামের সম্পাদক আবুল আসাদকে হাতিরঝিল থানায় নিয়ে যায়।

ওইদিন রাতে ঢাকা সিটি কর্পোরেশনের ৩৬ নম্বর ওয়ার্ডের মুক্তিযোদ্ধা কমান্ডার মোহাম্মদ আফজাল সংগ্রাম পত্রিকার সম্পাদকসহ সাত-আটজনকে আসামি করে ডিজিটাল নিরাপত্তা আইনে একটি মামলা করেন।

সূত্র- যুগান্তর

‘মেট্রোরেলের সবকিছু ওলট-পালট করে দিয়েছে করোনা’

মহামারি করোনাভাইরাস মানুষের জীবনের মত মেট্রোরেল প্রকল্পেরও সবকিছু ওলট-পালট করে দিয়েছে বলে মন্তব্য করেছেন সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের।

বুধবার তার সরকারি বাসভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে মেট্রোরেল প্রকল্পের উদ্যোগে নির্মিত ফিল্ড হাসপাতাল উদ্বোধনকালে মন্ত্রী এ মন্তব্য করেন।

ওবায়দুল কাদের বলেন, নতুন নতুন সংকট শুরু হয় এ প্রকল্পে, সমাধানের জন্যও পথ খোঁজা হয়। করোনাভাইরাস সবকিছু উলট-পালট করে দিয়েছে।

তিনি বলেন, এই মহামারীতে মেট্রোরেলের সঙ্গে সংশ্লিষ্টদের স্বাস্থ্য সুরক্ষায় হাসপাতাল নির্মাণসহ নানা উদ্যোগ নেয়া হয়েছে। প্রকল্পে অধিকাংশ জাপান ও থাইল্যান্ডের প্রকৌশলী পরামর্শকরাই কাজ করছেন।

সেতুমন্ত্রী বলেন, সরকার ২০৩০ সালের মধ্যে ঢাকা মহানগরী ও পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসন এবং গণপরিবহনের সক্ষমতা বাড়াতে ৬টি মেট্রোরেল রুট নির্মাণের পরিকল্পনা নিয়ে এগিয়ে যাচ্ছে। এর আওতায় নির্মাণ করা হবে ১ শ’ ২৮ কিলোমিটার রুট, যার ৬৭ কিলোমিটার হবে উড়াল পথে এবং ৬১ কিলোমিটার হবে পাতাল পথে।

তিনি বলেন, সংশ্লিষ্টদের করোনা শনাক্ত হলে কিংবা উপসর্গ থাকলে প্রকল্প এলাকায়ই কোয়ারেন্টিনে রাখা হচ্ছে। পাশাপাশি করোনাকালে সংশ্লিষ্ট কর্মীদের প্রকল্প এলাকায় আবাসনের ব্যবস্থা করা হয়েছে। করোনা দীর্ঘায়িত হতে পারে এমন বিবেচনায় মেট্রোরেল কর্তৃপক্ষ কর্মীদের জন্য দুটি ফিল্ড হাসপাতাল নির্মাণ করেছে।

উত্তরার পঞ্চবটী কনস্ট্রাকশন ইয়ার্ডে ১৪ শয্যাবিশিষ্ট এবং গাবতলীর কনস্ট্রাকশন ইয়ার্ডে ১০ শয্যার হাসপাতাল নির্মাণ করা

হয়েছে। আইসিইউ সুবিধাসহ সব সুবিধাই রাখা হয়েছে। দেশে কোনো উন্নয়ন প্রকল্পের জন্য হাসপাতাল নির্মাণের নজির এই প্রথম।

প্রকল্পের জনশক্তিকে স্বাস্থ্যবিধি মেনে কাজ করার আহ্বান জানিয়ে ওবায়দুল কাদের বলেন, করোনায় আক্রান্ত হলে নিজেদের জন্য চিকিৎসা ব্যবস্থা গড়ে তোলার অংশ হিসেবে ফিল্ড হাসপাতাল দুটি নির্মাণ করা হয়েছে। প্রকল্পে যারা কাজ করছেন এতে তাদের মনোবল বৃদ্ধি পাবে এবং কাজের গতিও বাড়বে।

এ সময় অনলাইনে যুক্ত ছিলেন সড়ক ও মহাসড়ক বিভাগের সচিব মো. নজরুল ইসলাম, ডিএমটিসিএলের ব্যবস্থাপনা পরিচালক এম এ এন ছিদ্দিক ও প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা।

সূত্র- যুগান্তর